

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী সকাশে মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা লেঃজেঃ এইচ আর ম্যাকমাস্টার

নয়াদিল্লি, ১৮ এপ্রিল, ২০১৭

মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা লেঃজেঃ এইচ আর ম্যাকমাস্টার আজ এখানে এক সাক্ষাৎকারে মিলিত হন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে।

সাক্ষাৎকারকালে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শুভেচ্ছাবার্তা শ্রী মোদীর কাছে পৌঁছে দেন লেঃজেঃ ম্যাকমাস্টার। প্রসঙ্গত, মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে তাঁর দূরভাষ আলাপচারিতার ইতিবাচক দিকগুলির কথা স্মরণ করেন ভারতের প্রধানমন্ত্রী। কৌশলগত অংশীদারিত্বের প্রসারে এবং ভারত-মার্কিন সহযোগিতাকে আরও নিবিড় করে তোলার ওপর জোর দিয়েছিলেন দুই নেতাই তাঁদের আলাপচারিতাকালে।

আফগানিস্তান ও পশ্চিম এশিয়া সহ সম্প্রসারিত অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে শ্রী মোদীর সঙ্গে মত বিনিময় করেন মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা।

আলোচনাকালে সন্ত্রাস মোকাবিলায় এবং আঞ্চলিক শান্তি, নিরাপত্তা ও স্থিতিশীলতা রক্ষায় ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র কিভাবে একযোগে কাজ করে যেতে পারে, সে সম্পর্কে মতামত ব্যক্ত করেন শ্রী মোদী এবং লেঃজেঃ ম্যাকমাস্টার।